

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

GAP ইভালুয়েশন ট্রায়ালের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	:	ড. মো. আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহ্বায়ক GAP ইউনিট, বিএআরসি।
তারিখ ও সময়	:	২ জুন ২০২৫, বিকাল: ০২:০০ ঘটিকা।
স্থান	:	সভাকক্ষ-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকা।
সভায় উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট 'ক'।


মাঠ পর্যায়ে GAP ইভালুয়েশন বিষয়ক কারিগরি সভা গত ২ জুন ২০২৫ খ্রি. বিকাল: ০২:০০ ঘটিকায় সভাকক্ষ-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকায় ড. মো. আবদুছ ছালাম, সদস্য পরিচালক (শস্য) ও আহ্বায়ক GAP ইউনিট, বিএআরসি এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। GAP ইউনিট, বিএআরসি'র সদস্যবৃন্দ, ডিএই ও ডিএম এর প্রতিনিধিসহ GAP Evaluation সংশ্লিষ্ট বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মনোনীত বিজ্ঞানীগণ সভায় উপস্থিত ছিলেন। শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে GAP Protocol অনুসরণে মাঠ পর্যায়ে মূল্যায়ন ট্রায়াল বাস্তবায়নে GAP মানদণ্ড অনুসরণে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে বিজ্ঞানীদের প্রতি আহ্বান জানান। তিনি আরও বলেন, উক্ত গবেষণা মূল্যায়নের ফলে GAP বাস্তবায়নের তথ্যভিত্তিক ফলাফল পাওয়া যাবে, যার মাধ্যমে GAP ও কৃষকের চাষাবাদ পদ্ধতির তুলনামূলক চিত্র তুলে ধরা সম্ভব হবে। এছাড়াও PARTNER প্রকল্পে মোট ৩ লক্ষ হেক্টর জমিতে আগামীতে ডিএই এর পদ্ধতির মাধ্যমে ধাপে ধাপে GAP বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, এ প্রেক্ষিতে এ মূল্যায়ন ফলাফল গুরুত্বপূর্ণ।

২.০। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিজ্ঞানী কর্তৃক চলমান ফসল ভিত্তিক GAP মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করা হয়।

৩.০। উপস্থাপন ও বিস্তারিত উন্মুক্ত আলোচনা শেষে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ৩.১) Data সংগ্রহের ক্ষেত্রে সরবরাহকৃত Template অনুসারে বিজ্ঞানীগণ মাঠ থেকে Data সংগ্রহ করবেন।
- ৩.২) মূল্যায়নের Report ভালো মানের জার্নালে প্রকাশ করার জন্য প্রতিটি Treatment-এর ডাটা নিতে হবে।
- ৩.৩) GAP ফসলের জমিতে অন্য স্বল্পমেয়াদি ফসল (মাসকালাই, সরিষা, টমেটো ইত্যাদি) আবাদ করা। এ বিষয়ে গবেষণা করার প্রয়োজনীয়তা রয়েছে। যা পরবর্তী বছরে অন্তর্ভুক্ত করা।
- ৩.৪) ফসলের জমিতে আগাছা দমনের ক্ষেত্রে Threshold level অনুসরণ করে দমন কার্যক্রম গ্রহণ করা।
- ৩.৫) Treatment সমূহ T₁: Implementation of Bangladesh GAP, T₂: Input Supply, T₃: Farmers Practice এ মর্মে লিখতে হবে।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(ড. মো. আবদুছ ছালাম)
সদস্য পরিচালক (শস্য)
ও
আহ্বায়ক, (GAP ইউনিট)
বিএআরসি